# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১০৭ তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

## এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৫ সংক্রান্ত নির্দেশাবলী

**সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৫ সুষ্ঠু, সুন্দর পরিবেশে গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :**

১. প্রশ্নপত্রে উল্লেখিত সময় ও পূর্ণমান অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী এর পর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হলে উক্ত পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশণ নম্বর, সেশন, ট্রেড ও বিলম্বের কারণ উল্লেখ করে একটি রেজিস্টারে এন্ট্রি করে রাখতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন বোর্ডকে অবহিত করতে হবে।

৩. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. ট্রেজারী/থানা লকার হতে প্রতিদিনের প্রশ্নপত্র কেন্দ্রে আনায়নের জন্য অবশ্যই দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বোর্ড প্রতিনিধি (ট্যাগ অফিসার) এবং কর্তব্যরত পুলিশ ফোর্স সংগে থাকতে হবে।

৫. প্রশ্নপত্রের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জেলা প্রশাসন এবং প্রয়োজনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেটকোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং পুলিশের উপস্থিতিতে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।

৬. পরীক্ষা চলাকালীন সময়ে ও এর আগে-পরে (পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ সময় পরীক্ষা কেন্দ্রে প্রবেশকৃত অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭. অনিবার্য কারণে কোন পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় দিতে হবে।

৮. পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে তল্লাশী করার মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, তার নিকট অননুমোদিত কোন সামগ্রী (মোবাইল ফোন, ইলেকট্রনিক্স ডিভাইস/অননুমোদিত কাগজপত্র ইত্যাদি) নেই।

৯. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩ দিন পূর্বে ঐ কেন্দ্রে পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিতদের দায়িত্ব উল্লেখসহ নিয়োগাদেশ দিতে হবে এবং পরীক্ষার যাবতীয় নিয়মাবলী সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।

১০. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ/প্রধান শিক্ষক/সুপার পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থেকে সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনা করার লক্ষ্যে সার্বক্ষনিকভাবে তদারকি করবেন।

১১. প্রতিদিনের পরীক্ষায় যে পরিমাণ উত্তরপত্র লাগবে তা ত্রুটিমুক্ত কিনা যাচাই বাছাই পূর্বক পূর্ব থেকেই গণনা করে বেঁধে রাখতে হবে এবং নির্দিষ্ট পরীক্ষার দিনটিতে তা ব্যবহার করতে হবে। প্রতিদিনের উত্তরপত্র ব্যবহারের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে।

এছাড়াও **"পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২"** (বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করতে হবে) এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জারী করা হলো।

১৬.৩.২৫

**(মোঃ কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাশে কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১০৭(১২) তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিষ্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে নির্দেশাবলী প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৯. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।
১০. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ/প্রধান শিক্ষক/সুপার, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।
১১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

১৬.৩.২৫

**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১০৯ তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

বিষয়: ২০২৫ সালের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা পরিচালনা প্রসঙ্গে।

আগামী ১০ এপ্রিল, ২০২৫ তারিখ হতে অনুষ্ঠিতব্য অত্র বোর্ড পরিচালিত চূড়ান্ত পরীক্ষার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও আপনাকে উক্ত কেন্দ্রের কেন্দ্রসচিব নিয়োগ করা হলো। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণকল্পে আপনাকে প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক (ইনভিজিলেটর), অভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক, সাধারণ সহকারি/কর্মচারি ইত্যাদি নিয়োগের এবং পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী কেন্দ্র সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারীদের পারিশ্রমিক পরিশোধের ক্ষমতা অর্পন করা হলো।

১. পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় জেলা/উপজেলা ও পুলিশ প্রশাসনের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের হাজিরা শিট, পরীক্ষাসংক্রান্ত তথ্য বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে পৌঁছানোর নিমিত্ত বোর্ড কর্তৃক জারীকৃত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি অনুসরণ করার জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হ'ল।

২. প্রয়োজনীয় সংখ্যক পরিদশীর এক চতুর্থাংশ আপনার প্রতিষ্ঠান হতে এবং অবশিষ্ট তিন-চতুর্থাংশ পরিদর্শী সংশ্লিষ্ট নিকটবর্তী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের জন্য আপনাকে অনুরোধ জানানো হল। কোন পরিদর্শী তার নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে দায়িত্ব পালন করতে পারবেন না।

৩. অনিবার্য কারণ ব্যতীত ভেন্যু পরীক্ষা কেন্দ্র থাকবে না।

৪. নকলমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নকল প্রতিরোধের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনার কেন্দ্র নকলপ্রবণ হিসেবে চিহ্নিত হলে ভবিষ্যতে তা বাতিল হবে। এ ক্ষেত্রে আপনার কোন আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

৫. পরীক্ষা কক্ষের আসন ব্যবস্থা ১ বর্গ মিটার দূরত্বে হতে হবে এবং বোর্ড কর্তৃক প্রদত্ত রোল নম্বরের ক্রমানুসারে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এর কোন ব্যতিক্রম হলে পরবর্তীতে আপনার কেন্দ্র বাতিল করা হবে।

৬. বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ (বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে হবে) অনুসরণ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।

৭. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থানীয়ভাবে গঠনকৃত ভিজিলেন্স টিম এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার সরেজমিন মনিটরিং-এর দায়িত্বে থাকবেন।

৮. নির্ধারিত সময়ের মধ্যে সকল নম্বর (PF ও IA নম্বর) অনলাইনের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৯. কেন্দ্রাধীন পরীক্ষার্থীদের হাজিরাশিট (রোলের ক্রম অনুযায়ী সাজিয়ে), শিরোনাম পত্র, অনুপস্থিত তালিকা অবশ্যই বই আকারে বাঁধাই করে ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির ১০ (১০) দিনের মধ্যে বোর্ডের ভোকেশনাল শাখায় পৌছাতে হবে। অন্যথায় বিধি মোতাবেক কেন্দ্রের বিরুদ্ধে বোর্ড কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. সকল পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক) গ্রহণ শেষে অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের সংকলিত তথ্য অনলাইনে বোর্ড বরাবরে প্রেরণে এবং এর হার্ডকপিও পরবর্তীতে ভোকেশনাল শাখা (৭ম তলা) হাজিরাশিট জমা দানকালে দাখিল করতে হবে। বহিষ্কারের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত বোর্ডের ওয়েবসাইটের ডাউনলোড অপশন থেকে ডাউনলোড করা যাবে) বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২, ৩ যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দৈনন্দিন পরীক্ষার তথ্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কন্ট্রোল রুমে প্রেরণ করতে হবে।

১১. সংশ্লিষ্ট সকলকে জরুরী বিবেচনায় সহযোগীতা করার অনুরোধ করা হলো। তথ্য প্রেরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত থাকবে। উল্লিখিত ব্যবস্থাপনার যেন কোনরূপ ব্যত্যয় না ঘটে সে ব্যাপারে সতর্ক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জারী করা হলো।

১৬/৩/২৫
(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাশে কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

প্রাপক :
সংশ্লিষ্ট সকল কেন্দ্র।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১০৯(৮) তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩। আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক.................................................................................(সকল)।
৬। উপজেলা নির্বাহী অফিসার.........................................................................(সকল)।

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১০৮ তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

বিষয় : চূড়ান্ত কেন্দ্র তালিকায় অর্ন্তভুক্তি ও কেন্দ্রের কেন্দ্রসচিব নিয়োগ।

আগামী ১০ এপ্রিল, ২০২৫ খ্রিঃ তারিখ থেকে অত্র বোর্ডের অধীন অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৫ সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানকে কেন্দ্র নির্বাচনপূর্বক আপনাকে উক্ত কেন্দ্রের কেন্দ্রসচিব নিয়োগ করা হয়েছে। কেন্দ্রসচিব হিসেবে নিম্নোক্ত দায়িত্বসমূহ/নির্দেশনা প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

(১) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট এবং পরীক্ষা সামগ্রী গ্রহণের ছক অনুযায়ী আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র ও অলিখিত উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য পরীক্ষা সামগ্রী বোর্ড হতে গ্রহণ করতে হবে।

(২) পরীক্ষা সামগ্রী গ্রহণের সময় আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সংখ্যা হিসেব করে একটি চাহিদাপত্র তৈরি করে আনবেন।

(৩) কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের নিকট বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বকেয়া পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের আগেই তা পরিশোধ করতে হবে।

(৪) সুষ্ঠুভাবে ব্যবহারিক পরীক্ষা সম্পাদন করার লক্ষ্যে প্রতি বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শিক্ষককে তাদের প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য অভ্যন্তরীণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহির থেকে অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ করে তাদের দ্বারা পরীক্ষা পরিচালনা করতে হবে।

(৫) **ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর ১০ দিনের মধ্যে কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের সকল পরীক্ষার্থীর হাজিরাশিট রোলের ক্রম অনুযায়ী সাজিয়ে বই আকারে বাঁধাই করে যথাসময়ে অবশ্যই বোর্ডের ৭ম তলা ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।**

(৬) অলিখিত উত্তরপত্র ব্যবহারের একটি ইস্যু রেজিষ্ট্রারের ম্যাধমে হিসাব রাখতে হবে।

এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জারী করা হলো।

১৬।৩।২৫

**(মোঃ কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাশে কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

প্রাপক :
কেন্দ্র সচিব, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১০৮(৯) তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩। আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক................................................................ (সকল)।
৬। উপজেলা নির্বাহী অফিসার ................................................ (সকল)।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

16.3.25

**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
**Website: www.bteb.gov.bd**

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১১২ তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫ সালের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টি সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১০ এপ্রিল, ২০২৫ তারিখ থেকে অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীগণের অবশ্য পালনীয় নির্দেশাবলী:

(ক) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করতে হবে।
(খ) কোন প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস বা নকল নিয়ে পরীক্ষা কেন্দ্রে আসা যাবেনা।
(গ) সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যমে প্রশ্নপত্র পাওয়ার চেষ্টা করা যাবেনা।
(ঘ) পরীক্ষার হলে দায়িত্বরত কক্ষ পরিদর্শীর সাথে অসদাচরণ বা কটুক্তি করা যাবেনা।
(ঙ) পরীক্ষার হলে নকল করাসহ কোন রকম বিশৃঙ্খলা সৃষ্টি করা যাবেনা।

উল্লিখিত বিষয়সমূহের সাথে সংশ্লিষ্টতা পাওয়া গেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিম্নোক্ত আইনের ধারায় শাস্তি প্রদান করা হবে:

১. পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০।
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬।
৩. ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮।
৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শৃঙ্খলাবিধি ও উপবিধি অনুযায়ী।

**বিষয়টি অতীব জরুরী।**

১৬/৩/২৫
(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাশে কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩-১১২(৯) তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩। আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।